মুম্বইয়ে কৃষকদের প্রতিবাদ মিছিল। এদিন কৃষক বিক্ষোভের চাপে পড়ে তাঁদের দাবি মেনে নিতে বাধ্য হয়েছে মহারাষ্ট্র সরকার। প্রসঙ্গত, প্রায় ৩০ হাজার কৃষক নাসিক থেকে মিছিল করে মুম্বইয়ে আসেন এদিন। – পিটিআই

প্রশ্নপত্র ফাঁস, কেন্দ্রের প্রতিক্রিয়া চাইল আদালত

নয়াদিল্লি, ১২ মার্চ ঃ স্টাফ সিলেকশন কমিশনের (এসএসসি) পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস নিয়ে কেন্দ্রকে অবস্থান জানানোর নির্দেশ দিল সুপ্রিমকোর্ট। সোমবার নিয়োগ পরীক্ষায় দুর্নীতি মামলার শুনানি প্রসঙ্গে আদালত জানিয়েছে, এসএসসি পরীক্ষা নিয়ে যে অভিযোগ উঠেছে তা যথেষ্ট গুরুত্বপূর্ণ। সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন পরীক্ষার্থীরা। এ বিষয়ে কেন্দ্রের প্রতিক্রিয়া জানতে চায় সুপ্রিমকোর্ট। ১৯ মার্চ মামলার পরবর্তী শুনানি হবে। গত ২১ ফেব্রুয়ারি কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেবেল (টিয়ার টু) পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তোলে পরীক্ষার্থীদের একাংশ। সিবিআই তদন্তের দাবিতে দিল্লিতে এসএসসির দপ্তরের বাইরে অবস্থান বিক্ষোভ শুরু করেন তাঁরা। পরীক্ষার্থীদের আন্দোলনকে সমর্থন করেছে আপ, বিজেপি ও কংগ্রেস। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং জানান, সিবিআই তদন্তে সরকারের আপত্তি নেই। আন্দোলনকারীদের শান্ত হওয়ার আবেদন জানিয়েছেন তিনি।

ওয়েম্বলির পুনরাবৃত্তি নয়

নয়াদিল্লি, ১২ মার্চ ঃ তিন বছর আগে ব্রিটেন সফরে গিয়ে প্রবাসী ভারতীয়দের বিশাল সমাবেশে বক্তৃতা দিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। লন্ডনের ওয়েম্বলি স্টেডিয়ামে মোদির ভাষণ শুনতে সেবার ভিড় জমিয়েছিলেন ৬০ হাজার ভারতীয়। বিদেশের মাটিতে প্রধানমন্ত্রীর জনসভা নিয়ে আন্তর্জাতিক মহলে আলোড়ন পড়েছিল। আগামী এপ্রিল মাসে ফের ব্রিটেন সফরে যাবেন মোদি। তবে ২০১৫ সালের মতো এবার কোনো সমাবেশে তাঁর বক্তব্য পেশের সম্ভাবনা কম। পরিবর্তে বাছাই করা প্রবাসী প্রতিনিধিদের সম্মেলনে বক্তব্য রাখতে পারেন তিনি। সূত্রের খবর, ওয়েম্বলি স্টেডিয়াম টটেনহ্যাম ফুটবল দলের ঘরের মাঠ। এপ্রিল মাসে সেখানে ম্যাচ হওয়ার কথা। ফলে ওয়েম্বলিতে সভার আয়োজন সম্ভব নয়। পাশাপাশি নিরাপত্তার কথা ভেবেও প্রধানমন্ত্রীর সফরসূচিতে জনসভার কর্মসূচি জায়গা পায়নি।

২০ দিনের শিশুর পেটে ভ্রূণ

আমেদাবাদ, ১২ মার্চ ঃ বিরলের মধ্যে বিরলতম ঘটনা। ২০ দিনের এক শিশুর পেটে অস্ত্রোপচার করে বের করা হল ৭৫০ গ্রামের অপরিণত এক ভ্রূণ। আমেদাবাদের এক বেসরকারি হাসপাতালে হয়েছে এই অপারেশন। দিন দশেক আগে শিশুটিকে যখন হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল, তখন তার পেটটা অদ্ভুত রকম ফোলা ছিল। পরীক্ষা–নিরীক্ষার পর দেখা যায়, বিরল এক রোগে ভুগছে শিশুটি। যার ডাক্তারি নাম 'রেট্রোপেরিটোনিয়াল ম্যাচিওর টেরাটোমা'। এই রোগে সদ্যোজাতের পেটে অপরিণত ভ্রূণের অবস্থান লক্ষ করা যায়। যমজ ভ্রূণের একটি আর একটির ভিতরে ঢুকে এই ঘটনা ঘটে বলে জানা গিয়েছে। ৫ লক্ষের মধ্যে একটি ক্ষেত্রে এমন ঘটনা ঘটে। মেডিকেল ইতিহাসে এখনও পর্যন্ত এমন মাত্র ২০০টি ঘটনা রয়েছে। এক্ষেত্রে অপারেশনটি করেছেন লিভার প্রতিস্থাপনের এক সার্জন। তিনি জানিয়েছেন, অপারেশনের পর যে অপরিণত ভ্রূণটি বের করে আনা হয়েছে, তার হাত ও মেরুদণ্ড আংশিক তৈরি হয়েছিল।

অর্থমন্ত্রীকে সরিয়ে দিলেন মেহবুবা

নয়াদিল্লি, ১২ মার্চ ঃ জম্মু–কাশ্মীরের অর্থমন্ত্রী হাসিব দ্রাবুকে সরিয়ে দিলেন মুখ্যমন্ত্রী মেহবুবা মুফতি। কাশ্মীর সমস্যাকে রাজনৈতিক সমস্যা হিসেবে না দেখে সামাজিক বিষয় হিসেবে দেখার কথা বলেছিলেন দ্রাবু। শুক্রবার দিল্লিতে এক অনুষ্ঠানে তিনি বলেন, 'গত ৭০ বছর ধরে কাশ্মীরকে রাজনৈতিক সমস্যা হিসেবে দেখা হচ্ছে। কিন্তু রাজনৈতিক ভাবে কাশ্মীরের পরিস্থিতি স্বাভাবিক করা সম্ভব নয়। উপত্যকায় শান্তি ফেরাতে সামাজিক ঐক্য প্রতিষ্ঠা জরুরি।' প্রবীণ পিডিপি নেতার মন্তব্যের জেরে উপত্যকায় বিতর্ক দেখা দিয়েছে। বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীগুলিও দ্রাবুর সমালোচনায় সরব হয়েছে। হুরিয়ত কনফারেন্স নেতা মীর ওয়াইজ উমর–ফারুকের দাবি, কাশ্মীর সমস্যা থেকে নজর ঘোরাতেই এই ধরনের মন্তব্য করেছেন দ্রাবু। মুখ্যমন্ত্রী মেহবুবা মুফতির ঘনিষ্ঠ হিসেবে পরিচিত দ্রাবুর অপসারণে রাজ্যের জোট সরকারের উপর প্রভাব পড়তে পারে বলে মনে করছে রাজনৈতিক মহল।

মুম্বইয়ে একটি অনুষ্ঠানে দীপিকা পাড়ুকোন ও রেখা। – এএফপি

তিহার জেলে কার্তি

নয়াদিল্লি, ১২ মার্চ ঃ কার্তি চিদম্বরমের ১২ দিনের জেল হেপাজতের নির্দেশ দিল দিল্লির এক বিশেষ আদালত। আগামী ২৪ মার্চ পর্যন্ত দিল্লির তিহার জেলে থাকবেন তিনি। তবে কার্তিকে তিহারে নিয়ে যাওয়া নিয়ে আপত্তি জানিয়েছেন তাঁর আইনজীবী দেয়ান কৃষ্ণন। শুনানিতে তিনি দাবি করেন, কার্তি ভারতের প্রাক্তন অর্থমন্ত্রীর ছেলে। মন্ত্রী হিসেবে টাডা ও মোকার মতো সন্ত্রাসবিরোধী আইনকে শক্তিশালী করেছিলেন পি চিদম্বরম। ফলে তাঁর বিরুদ্ধে গ্রেফতার হওয়া জঙ্গিদের মধ্যে ক্ষোভ রয়েছে। তিহার জেলে বহু সন্ত্রাসবাদীকে রাখা হয়েছে। জেলের মধ্যে তারা কার্তির উপর হামলা চালাতে পারে বলে আশঙ্কা কৃষ্ণনের। যদিও তাঁর যুক্তি খারিজ করে দেন বিচারক।

সুপারি কিলার দিয়ে খুন করা হয়েছিল রাজীব গান্ধিকে ঃ সুব্রহ্মণিয়াম

নয়াদিল্লি, ১২ মার্চ ঃ রাজীব গান্ধি হত্যাকাণ্ড নিয়ে বিস্ফোরক দাবি করলেন বিজেপি নেতা সুব্রহ্মণিয়াম স্বামী। তাঁর দাবি, 'এলটিটিই–ই নয়, সুপারি কিলার দিয়ে খুন করা হয়েছিল রাজীব গান্ধিকে।' তাঁর আরও দাবি, রাজীব গান্ধিকে খুনের কারণ ছিল আর্থিক লাভ। বলা যায় সম্পত্তি লাভ। তবে কার কী সম্পত্তি তা খোলসা করে বলেননি এই বিজেপি নেতা। রাজীবের হত্যার তদন্ত ফের শুরু করার দাবি জানিয়েছেন তিনি।

উল্লেখ্য, সিঙ্গাপুরে একটি অনুষ্ঠানে রাজীব–পুত্র রাহুল গান্ধি বলেছেন, আমি এবং আমার বোন প্রিয়াঙ্কা বাবার হত্যাকারীদের ক্ষমা করে দিয়েছি। কারণ, কাউকে ঘৃণা করে বেশিদিন বাঁচা যায় না বলে মনে হয়েছিল। তবে এটা সত্যি যে, কয়েক বছর রাজীবের এই মৃত্যু তাঁদের শোকাচ্ছন্ন করে রেখেছিল।

রাহুলের এই মন্তব্যের পরেই বিজেপি নেতা সুব্রহ্মণিয়াম স্বামী অভিযোগ করেছেন, কংগ্রেস সভাপতির মন্তব্যে দেশপ্রেমের অভাব বোধ হচ্ছে। কারণ, প্রধানমন্ত্রী রাজীব গান্ধি ছিলেন অত্যন্ত দেশপ্রেমিক। একজন দেশপ্রেমিকের হত্যাকারীকে ক্ষমা করার অর্থ হল তাঁর দেশপ্রেমের প্রতি অপমান করা। কী করে রাহুল একথা বলতে পারেন। বিদেশি শক্তির সঙ্গে হাত মিলিয়ে যে দেশের প্রধানমন্ত্রীকে হত্যা করল সেই নলিনীকে ফাঁসির সাজা না দিয়ে যাবজ্জীবন কারাদণ্ড কেন দেওয়া হল। তাঁর মতে, বিদেশে বসে ওই মন্তব্য করার আগে রাহুলের বোঝা উচিত ছিল, আগে তিনি দেশের প্রধানমন্ত্রী, তারপর তাঁর বাবা। এর থেকেই স্পষ্ট যে এলটিটিই–র সঙ্গে আঁতাত করেই সুপারি কিলার দিয়ে খুন করা হয়েছিল রাজীব গান্ধিকে।

নলিনীর সঙ্গে প্রিয়াঙ্কা গান্ধির দেখা করতে যাওয়া নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি। যেখানে অপরাধীদের সঙ্গে একমাত্র তাঁদের পরিবারের লোকদেরই দেখা করার অনুমতি রয়েছে। সেখানে প্রিয়াঙ্কা কেন গিয়েছিলেন। নলিনীর মেয়ের ব্রিটেনে পড়াশোনার যাবতীয় খরচ বহন করছেন সোনিয়া গান্ধি নিজে। এমনকি নলিনীকেও স্কলারশিপ দিয়ে ইন্দিরা গান্ধি বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ করে দিয়েছিলেন সোনিয়া। এর মধ্যে কোনো চক্রান্ত রয়েছে বলে দাবি সুব্রহ্মণিয়াম স্বামীর।

রাজীব হত্যায় নতুন মামলা নয়

নয়াদিল্লি, ১২ মার্চ ঃ রাজীব গান্ধি হত্যা মামলা আর নতুন করে শুরু করা হবে না বলে সুপ্রিমকোর্টকে জানিয়েছে সিবিআই। এই ঘটনার অন্যতম হত্যাকারী এ জি পেরারিবালান তার শাস্তি রদ করার জন্য যে আবেদন করেছিল তাও খারিজ হয়ে গিয়েছে।

রাজীব গান্ধি হত্যা মামলায় সাজাপ্রাপ্ত পেরারিবালান গত ২৬ বছর ধরে রয়েছে কারাগারে। প্রথম ১৪ বছর তাকে রাখা হয়েছিল একটি নির্জন কারাকক্ষে। তখন সে ছিল ফাঁসির আসামি। ২০১৪–য় শীর্ষ আদালত তাকে যাবজ্জীবন দেয়। ১৯৯১–এ তামিলনাড়ুর শ্রীপেরুমবুদুরে এলটিটিই হানায় মৃত্যু হয়েছিল রাজীবের। সিবিআই তদন্ত রিপোর্টে জানা গিয়েছে, সেদিন আত্মঘাতী বোমারুকে দুটি ৯ ভোল্টের ব্যাটারি সরবরাহ করেছিল পেরারিবালান। পরে পেরারিবালান জানিয়েছিল ওই ব্যাটারি দিয়ে কী হবে, সে সম্পর্কে তখন তার কোনো ধারণাই ছিল না। তার দাবি, সিবিআই–কে সে সব জানিয়েছে কিন্তু তার বয়ান রেকর্ড করার সময় সিবিআই ওই অংশ বাদ দেয়। পেরারিবালানের সাজা রদের আবেদন এদিন নাকচ হয়ে গিয়েছে। এ ধরনের আবেদন সে আর করতে পারবে না বলেও জানিয়েছে সুপ্রিমকোর্ট।

বিজেপিতে যোগ সপা নেতার

নয়াদিল্লি, ১২ মার্চ ঃ সমাজবাদী পার্টির জন্মলগ্ন থেকে ছিলেন দলের হেভিওয়েট নেতা নরেশ আগরওয়াল। প্রথমে দলের প্রতিষ্ঠাতা মুলায়ম সিং যাদবের একনিষ্ঠ সেনা ছিলেন তিনি। পরে পিতা–পুত্রের মধ্যে সংঘাতে দলের কর্তৃত্ব যখন নিয়ে নেন অখিলেশ যাদব, তখন তিনি তাঁর পাশে দাঁড়িয়েছিলেন। এবার উত্তরপ্রদেশে রাজ্যসভা আসনে সেই নরেশ আগরওয়ালকে আর মনোনয়ন দেননি অখিলেশ। রাগে, দুঃখে দল ছেড়ে আজ বিজেপিতে যোগ দিয়েছেন তিনি। যোগদানকালে তিনি বলেন, যাঁরা সিনেমায় নাচা–গানা করেন, তাঁরাই দলে গুরুত্ব পান। আসলে সমাজবাদী পার্টি এবার বিখ্যাত অভিনেত্রী অমিতাভ–জায়াকে উত্তরপ্রদেশ থেকে রাজ্যসভায় মনোনীত করেছে। তাঁকেই কটাক্ষ করে ওই কথা বলেন নরেশ আগরওয়াল। দিল্লিতে বিজেপির সদর দপ্তরে এসে মোদির দলে যোগ দেন নরেশ। তাঁকে দলে স্বাগত জানিয়ে বিজেপির পদ্ম আঁকা উত্তরীয় পরিয়ে দেন রেলমন্ত্রী পীযূষ গোয়েল। দলে যোগ দিয়ে বলেন, যেই দলে রাজনীতিকদের জায়গা নেই, সেই দলে তিনি আর থাকতে চান না।

খতম ৩ জঙ্গি

শ্রীনগর, ১২ মার্চ ঃ জম্মু–কাশ্মীরের অনন্তনাগে জঙ্গিদের সঙ্গে নিরাপত্তাবাহিনীর রাতভর গুলির লড়াইয়ে খতম হয়েছে তিন জঙ্গি। পুলিশ সোমবার ভোরে দুজনকে শনাক্ত করতে পেরেছে। লড়াইকে কেন্দ্র করে অপ্রীতিকর ঘটনা এড়াতে স্থানীয় সমস্ত স্কুল–কলেজ এদিন বন্ধ রাখা হয়েছে। স্থগিত করা হয় কাশ্মীর বিশ্ববিদ্যালয়ের সব পরীক্ষা। ফেসবুকে ছেলের মৃত্যুর কথা স্বীকার করেছেন নিহত জঙ্গি ঈশা ফাজিলের বাবা কলেজ–অধ্যক্ষ নঈম ফাজিল। শ্রীনগরের সৌরার বাসিন্দা ঈশা। বি.টেক পড়ছিল। কয়েক মাস আগে আচমকাই সে বাড়ি থেকে উধাও হয়। পরিবারের সদস্যরা প্রথমে বুঝতে না পারলেও পরে বোঝেন যে ঈশা আইসিসে যোগ দিয়েছে। ঈশা সম্পর্কে এমনই রিপোর্ট বেরিয়েছিল সংবাদমাধ্যমেও। অনন্তনাগের ঘটনায় নিহত বাকি দুই জঙ্গির একজন দক্ষিণ কাশ্মীরের বাসিন্দা।

ঢাকা, কাঠমান্ডু যাওয়ার পরিকল্পনা মোদির

নয়াদিল্লি, ১২ মার্চ ঃ সরকারের বিদেশনীতিতে এখন প্রতিবেশী রাষ্ট্রকেই প্রাধান্য দেওয়া হচ্ছে। 'প্রথমে প্রতিবেশী', কেন্দ্রীয় সরকারের এই নীতি তুলে ধরতে বছরের প্রথমার্ধে দক্ষিণ এশিয়ার কয়েকটি দেশে যাওয়ার পরিকল্পনা নিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এক্ষেত্রে গুরুত্ব দেওয়া হয়েছে বাংলাদেশ ও নেপালকে। সূত্রের খবর, স্বয়ং প্রধানমন্ত্রী বিষয়টিতে গুরুত্ব দিয়েছেন। তবে, মোদির প্রস্তাবিত বাংলাদেশ সফর নিয়ে জটিলতা সৃষ্টি হতে পারে বলে মনে করছে বিশেষজ্ঞ মহল। রোহিঙ্গা ইস্যুতে ভারতের মনোভাবে খুশি নয় বাংলাদেশ। তিস্তা নিয়ে জট কাটেনি। এ বছরই বাংলাদেশের সাধারণ নির্বাচন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তিস্তার জলবণ্টন নিয়ে সমঝোতায় পৌঁছোতে চাইছেন। বিভিন্ন বিষয়ে মতপার্থক্য সত্ত্বেও ভারত ও বাংলাদেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কে যে উষ্ণতা রয়েছে, তাতে ভাটা পড়ুক, কোনো পক্ষই তা চায় না। তিস্তা ইস্যু ভারতের কাছেও সমান গুরুত্বপূর্ণ। সেক্ষেত্রে, চলতি বছরে নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরের আগে বিদেশসচিব বিজয় গোখলে ঢাকা সফরে যেতে পারেন। বাংলাদেশ সফরই প্রথম বিদেশ সফর হতে পারে বিদেশসচিব গোখলের। বাংলাদেশে যাওয়ার আগ্রহ প্রকাশ করলেও মোদির ঢাকা সফরের তারিখ এখনও নির্ধারিত হয়নি।

সংবিধান পরিবর্তনের পাশাপাশি সরকার বদলেছে নেপালের। নেপালের বর্তমান সরকারের বেজিং ঘেঁষা মনোভাব উদ্‌বেগ বাড়িয়েছে দিল্লির। নেপালের সঙ্গে সম্পর্কের ক্ষত মেরামতিতে উদ্যোগ নিয়েছে দিল্লি। বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ সম্প্রতি নেপাল সফর করেছেন। শীঘ্রই ভারত সফরে আসছেন নেপালের প্রধানমন্ত্রী কে পি ওলি। প্রধানমন্ত্রীর সচিবালয়ের খবর, চলতি বছরেই কাঠমান্ডু যাবেন নরেন্দ্র মোদি। কাঠমান্ডুতে হবে চতুর্থ বিমস্টেক সম্মেলন। তাতে যোগ দিতে নেপালে যাবেন মোদি। প্রধানমন্ত্রীর প্রতিবেশী রাষ্ট্র সফরে এবছর ভুটানও জায়গা করে নিয়েছে। চিনের আগ্রাসী মনোভাবের কথা মাথায় রেখেই চলতি বছরের প্রথম ছ'মাসের মধ্যেই ভুটানে যাবেন প্রধানমন্ত্রী।

সংসদে ধরনায় বসল তৃণমূল

বিশেষ সংবাদদাতা, নয়াদিল্লি, ১২ মার্চ ঃ 'ব্যালটে রাজি, ইভিএমে না।' আজ এই দাবিতে সংসদের গান্ধিমূর্তির পাদদেশে ধরনায় বসল তৃণমূল কংগ্রেস। নির্বাচনি সংস্কারের জরুরি দাবিতে প্রথম থেকেই সরব ছিলেন তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁরই নির্দেশে আজ ইভিএমের বিরোধিতায় ধরনা দেন তৃণমূলের লোকসভা ও রাজ্যসভার প্রায় তিরিশ জন সাংসদ। নেতৃত্ব দেন তৃণমূলের সংসদীয় দলনেতা সুদীপ বন্দ্যোপাধ্যায়। 'ইয়েস টু ব্যালট, নো টু ইভিএম' উই ডিমান্ড ইলেক্টোরাল রিফর্ম–এর স্লোগান লেখা প্ল্যাকার্ড হাতে সাংসদরা জমায়েত হন। প্রায় আধ ঘণ্টা ধরে সংসদ চত্বরে তাঁরা ধরনা প্রদর্শন করেন। সুদীপ বন্দ্যোপাধ্যায় বলেন, 'বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দীর্ঘদিন ধরে নির্বাচনি সংস্কারের দাবি জানিয়ে এসেছেন। অবিলম্বে ইভিএম মেশিন নিষিদ্ধ করা এবং ব্যালটের মাধ্যমেই ভোটগ্রহণ করার দাবি জানাচ্ছে তৃণমূল। তৃণমূল সহ অন্যান্য আঞ্চলিক দলগুলির কথা ভেবে এই সংস্কার প্রয়োজন।' সুদীপ বলেন,

ইভিএমের বদলে ব্যালট চাই, দাবি জানালেন তৃণমূল সাংসদরা।

এই অত্যাধুনিক প্রযুক্তির যুগে একাধিকবার ইভিএমে নানা ত্রুটি ধরা পড়েছে। উঠে এসেছে নেপথ্যে থাকা বহু টাকার লেনদেনের তত্ত্বও। তাই নির্বাচনি প্রক্রিয়ায় স্বচ্ছতা ধরে রাখতে পুরোনো পন্থাতেই ফিরে যাওয়ার পক্ষপাতী তৃণমূল কংগ্রেস। পরে তৃণমূল দপ্তরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে দলের মুখপাত্র ডেরেক ও'ব্রায়েন বলেন, তৃণমূল প্রথমে ইভিএমেই ভরসা রেখেছিল। কিন্তু পরবর্তীকালে একাধিক ইভিএম বিকৃতির তত্ত্ব উঠে আসায় তাঁদের এই নয় অবস্থান। একইসঙ্গে তিনি বলেন, ইভিএম নিয়ে কোনো সন্দেহের আবহ সৃষ্টি হলে সরকারের উচিত তা দূর করা। তিনি বলেন, নির্বাচনি খরচ নির্বাহের ব্যবস্থা সরকারের হাতে রাখতে হবে। নির্বাচনে দুর্নীতি বন্ধের স্বার্থেই এটা করা প্রয়োজন।

খুন হয়েছিলেন সুনন্দা পুষ্কর, দাবি গোপন রিপোর্টে

নয়াদিল্লি, ১২ মার্চ ঃ প্রবীণ কংগ্রেস নেতা শশী থারুরের স্ত্রী সুনন্দা পুষ্করের মৃত্যু স্বাভাবিক নয়, তাঁকে খুন করা হয়েছে। সম্প্রতি প্রকাশিত 'গোপন রিপোর্ট'–এ এমনই তথ্য মিলেছে। এমনকি সুনন্দার খুনিকে শনাক্ত করা গিয়েছে বলে তদন্তকারীদের দাবি। সুনন্দার ডিএনএ, তাঁর মৃত্যুস্থলে পাওয়া আঙুলের ছাপ সহ বিভিন্ন বিষয়ের ভিত্তিতে রিপোর্টটি তৈরি করেছেন তদন্তকারীরা। বিষক্রিয়ায় সুনন্দার মৃত্যু হয়েছে এবং ইনজেকশনের মাধ্যমে তাঁর শরীরে বিষ ঢোকানো হয়েছিল বলেও রিপোর্টে উল্লেখ করা হয়েছে। সুনন্দা পুষ্করের মৃত্যু তদন্তের প্রথম রিপোর্টটি তৈরি করেছিলেন ডিসিপি বিএস জয়সোয়াল। সেখানেও স্পষ্ট লেখা ছিল, বসন্ত বিহারের এসডিএম অলোক শর্মা সুনন্দার মৃত্যুস্থল পরিদর্শন করে জানিয়েছেন, তিনি আত্মহত্যা করেননি। সুনন্দার ময়নাতদন্তের রিপোর্টেও বলা হয়েছিল, অ্যালপ্রাজোলাম নামে একটি বিষক্রিয়ার জেরে তাঁর মৃত্যু হয়েছে। এছাড়া কোনো ভোঁতা জিনিস দিয়ে সুনন্দার শরীরে আঘাত করা হয়েছিল এবং কারোর সঙ্গে তাঁর ধস্তাধস্তি হয়েছিল বলেও রিপোর্টে উল্লেখ করা হয়েছে। সরোজিনীনগর থানার স্টেশন আধিকারিককে খুনের ঘটনা হিসেবে সুনন্দার মৃত্যুর তদন্ত করার নির্দেশ দেন এসডিএম। মৃত্যুর আগে সুনন্দার সঙ্গে তাঁর স্বামী শশী থারুরের হাতাহাতি হয়েছিল বলে তাঁদের বাড়ির পরিচারিকা বয়ান দিয়েছিলেন। তারপর তদন্তের জন্য সুনন্দার মৃত্যুর পুরো রিপোর্টটি দক্ষিণ দিল্লির যুগ্ম কমিশনার বিবেক গগৈকে দেওয়া হয়। পরে স্বরাষ্ট্রমন্ত্রক এবং দিল্লির অপরাধদমন শাখাতেও রিপোর্টটি পাঠানো হয়। সেই রিপোর্ট পাওয়ার এক সপ্তাহ পর দিল্লির অপরাধদমন শাখা যখন খুনের মামলা রুজু করে সুনন্দার মৃত্যুর তদন্ত করার সিদ্ধান্ত নেয়, তার ঘণ্টা চারেকের মধ্যেই অপরাধদমন শাখা থেকে মামলাটি সরিয়ে নেন গগৈ।

দ্বিতীয় সপ্তাহেও অচলাবস্থা জারি সংসদে

বিশেষ সংবাদদাতা, নয়াদিল্লি, ১২ মার্চ ঃ পণ্ড হয়েছে অধিবেশনের দ্বিতীয় পর্বের প্রথম সপ্তাহ। দ্বিতীয় সপ্তাহের প্রথম দিনেও অচল রইল সংসদের অধিবেশন। আজ বিরোধী বিক্ষোভে দফায় দফায় মুলতুবি হল উভয়কক্ষ। লোকসভার কাজ শুরু হতেই তুমুল হইচই জুড়ে দেন বিরোধী সাংসদরা। প্রশ্নোত্তর পর্ব শুরু হতে না হতেই ওয়েলে নেমে এসে প্রবল বিক্ষোভ দেখাতে থাকেন তৃণমূল, টিডিপি সহ এআইডিএমকে, টিআরএস ও ওয়াইএসআর কংগ্রেসের সাংসদরা। কংগ্রেস সাংসদরা নিজেদের আসনে থেকেই গলা চড়ান। বিরোধী দলগুলি তাদের সেই পুরোনো ইস্যু পিএনবি কেলেঙ্কারি, অন্ধ্রপ্রদেশের স্পেশাল স্টেটাস, কাবেরী ম্যানেজমেন্ট বোর্ড গঠন ইত্যাদি নিয়ে বিরোধিতায় অনড় থাকে। তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সত্যজিৎ রায়ের হীরক রাজার দেশের অনুকরণে তৃণমূল সাংসদরা স্লোগান তোলেন 'দড়ি ধরে মারো টান, মোদি হবে খান খান।' প্রবল হট্টগোলের কারণে মাত্র তিন মিনিটের মাথায় বেলা ১২টা পর্যন্ত সভার কাজ মুলতুবি রাখেন স্পিকার। বেলা ১২টায় সদনের কাজ শুরু হলে আবারও তুমুল বিক্ষোভ দেখানো শুরু করেন বিরোধীরা। অভিনব প্রতিবাদ দেখানোর জন্য প্রসিদ্ধ টিডিপি সাংসদ পি শিবপ্রসাদ চার হাত লম্বা সানাই নিয়ে ওয়েলে নেমে বাজাতে শুরু করেন। এইসব কাণ্ডকারখানায় অতিষ্ঠ হয়ে দশ মিনিটের মাথায় সারাদিনের জন্য সভার কাজ মুলতুবি করে দেন স্পিকার সুমিত্রা মহাজন। রাজ্যসভায় চেয়ারম্যান বেঙ্কাইয়া নাইডু জিরো আওয়ার চালানোর চেষ্টা করেও ব্যর্থ হন। তারপর দুপুর ২টা নাগাদ সারাদিনের জন্য মুলতুবি হয়ে যায় রাজ্যসভা। এদিন কিছু ব্যতিক্রমী দৃশ্যও চোখে পড়ে সংসদে। লোকসভা মুলতুবি হয়ে যাওয়ার পর বিরোধীদের কাছে এগিয়ে আসেন সংসদীয় মন্ত্রী অনন্ত কুমার। বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গে, তৃণমূল সাংসদ সৌগত রায়, টিডিপি সাংসদ জিতেন্দ্র রেড্ডি, আরএসপি সাংসদ এন কে প্রেমচন্দ্রন ও সপা সুপ্রিমো মুলায়ম সিং যাদবের সঙ্গে সংসদের ভিতরেই আলোচনায় বসেন তিনি। যদিও নিজেদের দাবি থেকে সরে আসেননি বলেই জানিয়েছেন বিরোধীরা।

উত্তরবঙ্গ তথা ভারতের সর্বশ্রেষ্ঠ যৌন রোগ বিশেষজ্ঞ ডাক্তার ও India No.1 Topmost best SEX ঔষধ
সহবাসে অক্ষমতা, শীঘ্র পতন স্বপ্নদোষ, ধাতু পাতলা, ক্ষুদ্র লিঙ্গ
প্রথম দিন থেকে কাজ করে 400 ও 800 টাকায় ফুল কোর্স
100% গ্যারান্টি রেজাল্ট, বিফলে মূল্য ফেরত
76 বছরেও ভরপুর যৌবন শক্তি-সেই আগের মতো
American HQ- লিঙ্গবর্ধক যন্ত্র ও জার্মান তেল ব্যবহারে লিঙ্গ 6"-11" লম্বা 2"-3" মোটা, শক্তিশালী ও দৃঢ় হয়। সেক্স টাইম 30-60 মিনিট বাড়ে।
আস্থা আয়ুর্বেদ ™
শিলিগুড়ি জংশনের বিপরীতে, দিল্লী হোটেলের পাশে
9564639095, 9933719295

উত্তরবঙ্গে ২১ বছর ধরে Top Ranking বৃহত্তম ও সর্বশ্রেষ্ঠ ISO Clinic সেবা হারবাল
India No 1, World Class, Best ঔষধ ও ডাক্তার
Sex Time 40-60 মিনিট বাড়ে
সহবাসে অক্ষমতা শীঘ্রপতন, লিঙ্গশিথীলতা স্বপ্নদোষ, লিঙ্গ/সরু/বাঁকা ধাতুপাতলা, শুক্রাণুস্বল্পতা
প্রথম দিন থেকে ১০০% গ্যারান্টি রেজাল্ট। বিফলে মূল্য ফেরত।
অতি অল্প খরচে ৭ দিনেই স্থায়ী কার্যকরী
৬৫ বছরে ও ভরপুর যৌবন শক্তি - ২৫ বছরের মতো
সর্ব প্রথম ও একমাত্র American Kopa লিঙ্গবর্ধক যন্ত্র ও জার্মান তেল পাওয়া যায়।
সেবা হারবাল®
শিলিগুড়ি পানিট্যাঙ্কি মোড়- 9933545917

No 1 হারবাল- হোমিও SEX চিকিৎসা ভারতের সর্বশ্রেষ্ঠ যৌন রোগ বিশেষজ্ঞ
সহবাসে অক্ষমতা, স্বপ্নদোষ, ক্ষুদ্রলিঙ্গ ধাতু পাতলা, শীঘ্রপতন ১০০% গ্যারান্টী সুচিকিৎসা
প্রথম দিন থেকেই কাজ শুরু - 500- 1000 টাকায় পুরো কোর্স
৭৫ বছরেও ভরপুর যৌবন শক্তি-সেই আগের মত
AMERICAN লিঙ্গ বর্ধক যন্ত্র ও তেল যা ব্যবহারে লিঙ্গ 7-10 ইঞ্চি লম্বা, মোটা ও শক্তিশালী হয় সেক্স টাইম 30-40 মি. বাড়ে
No Side Effect
আনন্দ হার্বাল™
শিলিগুড়ি:হিলকার্ট রোড, SBI বিল্ডিং-এর পাশে
81588-17822

সব বিজ্ঞাপন দেখুন, তারপর সঠিক সিদ্ধান্ত নিন। চিকিৎসা করাতে হলে ডাক্তারের নাম দেখে চিকিৎসা করান
সুচিকিৎসার জন্য ভেলোর, চেন্নাই বা কলকাতাতে ছুটতে হবে না
এখন কোচবিহারে ভারত বিখ্যাত আয়ুর্বেদ বিশেষজ্ঞ "সিনিয়র আয়ুর্বেদিক মেডিক্যাল অফিসার"
ডাঃ সুপ্রকাশ কুন্ডু
১৮ বছর ধরে লক্ষাধিক রোগী উপকৃত
নার্ভের দুর্বলতা, কিডনি, লিভার, বাত, সোরাইসিস, শ্বেতী ও অনান্য চর্মরোগ, অর্শ, চুল, পেটের রোগ, হাঁপানি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব, শীঘ্রপতন, লিঙ্গ শিথিলতা/ক্ষুদ্রতা সহ যে কোনো যৌন সমস্যার ১০০% সুচিকিৎসা
স্থান: আত্রেয় আয়ুর্বেদ
তেঁতুলতলা মোড়, বিশ্বসিংহ রোড, কোচবিহার
☎ 98324 40355 / 03582 226995
ফোনে যোগাযোগ করে আসুন